মেহেরপুর স্বাস্থ্য বিভাগের অভিযানে নাসির টোব্যাকো কোম্পানির উপহার জব্দ

বিভিন্ন সিগারেট কোম্পানী বিক্রি বাড়াতে দোকানদারদের জন্য বিভিন্ন প্রকারের উপহার সামগ্রী প্রদান করে থাকে। যা সরকারিভাবে নিষিদ্ধ করা হয়েছে। তারপরেও কোম্পানীর পক্ষ থেকে খুচরা দোকানদারদের জন্য দেওয়া হচ্ছে বিভিন্ন পুরস্কার।

আজ মঙ্গলবার (৩০ আগষ্ট) সকালের দিকে মেহেরপুর শহরে অভিযান চালিয়ে নাসির টোব্যাকো কোম্পানির এস,আর হানিফের নিকট থেকে খুচরা দোকানদের জন্য পুরুস্কার মগ, প্লেট, ও কাপ জব্দ করা হয়েছে।

মেহেরপুর সদর উপজেলা স্বাস্থ্য বিভাগের উদ্দ্যোগে স্যানিটারী ইন্সপেক্টর তরিকুল ইসলামের নেতৃত্বে এ অভিযান চালানো হয়। স্যানিটারী ইন্সপেক্টর তরিকুল ইসলাম জানান, সিগারেটের পুরুস্কার হিসাবে বাবলু দোকানদারকে দেওয়ার জন্য মগ, প্লেট, ও কাপ নিয়ে যাচ্ছিল। সরকারিভাবে নিষিদ্ধ থাকায় এগুলো জব্দ করা হয়।